বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা

(Rain Water Harvesting System)

এর

# পরিচালন ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকা

## উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প



জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)

# বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা বিষয়ক নিয়মাবলী




০১

বৃষ্টির পানি সংগ্রহের জন্য ব্যবহৃত টিনের চালের উপরে গাছের ডালপালা থাকলে তা কেটে ফেলতে হবে।



০২

বর্ষা মৌসুম শুরুর পূর্বে টিনের চাল উত্তমরূপে পরিষ্কার এবং গাটারের (চাল হতে পানি সংগ্রহের কাটা পাইপ) ভিতর জমে থাকা পাতা, ময়লা, ধুলাবালি ইত্যাদি ভালভাবে পরিষ্কার করতে হবে।




০৩

প্রতিবছর পানি সংরক্ষণের পূর্বে ট্যাংক ব্লিচিং পাউডারে মিশ্রিত পানি দ্বারা জীবাণুমুক্ত করতে হবে। এক্ষেত্রে ২০ লিটার পানিতে এক টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার ভালভাবে গুলিয়ে কাপড়ে ছেঁকে ব্যবহার করতে হবে।



০৪

ডেলিভারী ট্যাপ, গেট ভালভ, পাইপের বিভিন্ন জয়েন্ট, চালের সাথে লাগানো হ্যাঙ্গার ইত্যাদিতে সমস্যা থাকলে বর্ষা শুরুর পূর্বেই মেরামত করে নিতে হবে।



০৫

বৃষ্টি শুরুর প্রথম ১০-১৫ মিনিট পানি ফেলে দেয়ার পর থেকে পানি সংগ্রহ শুরু করতে হবে। এজন্য শুরুতে ফ্লাশিং পাইপ খুলে রাখতে হবে। এরপর বৃষ্টি শুরুর ১০-১৫ মিনিট পর ফ্লাশিং পাইপের গেট ভালভ বন্ধ করে পানি সংগ্রহ করতে হবে।



০৬

পানির ট্যাংক এর ওভারফ্লো পাইপটি ক্যাপ দ্বারা বন্ধ রাখতে হবে যাতে বাহির থেকে ধুলাবালি বা পোকামাকড় ট্যাংক এর ভিতরে ঢুকতে না পারে।



০৭

ফিল্টারের ভেতরের ছাঁকনি দুটি (Mesh Filter & Polypropylene Bag) ময়লা হলে সাবান পানিতে ৩০ মিনিট ভিজিয়ে রেখে পরিষ্কার করে রোদে শুকিয়ে নিতে হবে।



০৮

ট্যাংকের ঢাকনা সবসময় বায়ুবদ্ধ অবস্থায় বন্ধ রাখতে হবে। ট্যাংকের মুখ খোলা থাকলে সূর্যের আলো ভিতরে প্রবেশ করে ট্যাংকের পানিতে পোকা জন্মাতে পারে।

## সংরক্ষিত বৃষ্টির পানি ব্যবহার বিষয়ক নিয়মাবলী



**০৯**

পরিষ্কার-পরিচ্ছন্ন পাত্রে পানি সংগ্রহ করে পানি বহনের সময় পাত্রের মুখ ঢেকে রাখতে হবে। উঁচু, পরিষ্কার ও শুষ্ক জায়গায় পানি সংরক্ষণ করতে হবে।



**১০**

পানি সংরক্ষণের পাত্র হতে পরিষ্কার মগ/গ্লাস এ পানি ঢেলে (আঙ্গুল বা পাত্র না ডুবিয়ে) পান ও পরিবেশন করতে হবে।



**১১**


সংরক্ষণ ট্যাংকের চারপাশ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার মাধ্যমে স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে হবে।



**১২**


পানি সংগ্রহের পূর্বে ডেলিভারী ট্যাপের মুখ মাঝে মাঝে ব্লিচিং পাউডার মিশ্রিত পানি দ্বারা জীবাণুমুক্ত করে নিতে হবে এবং ট্যাপে পশুপাখি যাতে মুখ না লাগায় সে ব্যবস্থা করতে হবে।

## বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ক নিয়মাবলী



**১৩**

গাটার পাইপ ঢালু (এক-পাশে উঁচু ও অন্য পাশে নিচু) ও সঠিক স্থানে না থাকলে হ্যাঙ্গার খুলে সঠিক স্থানে ও ঢালু করে স্থাপন করতে হবে।




**১৪**

গাটার পাইপ সঠিক স্থানে ও ঢালু করে স্থাপন নিশ্চিতের জন্য টিনের চালে পানি ঢেলে তা গড়িয়ে ট্যাংকে প্রবেশ করছে কি না পর্যবেক্ষণ করতে হবে।

*পরবর্তী পৃষ্ঠা দেখুন*

# বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ক নিয়মাবলী




**১৫**

ট্যাংক এ পানি প্রবেশ না করলে ফিল্টার খুলে ফিল্টারের ভিতরের ছাঁকনিতে (Mesh Filter & Polypropylene Bag) ময়লা জমেছে কিনা তা চেক করে দেখতে হবে। ময়লা হলে সাবান পানিতে ভিজিয়ে রেখে পরিষ্কার করতে হবে।



**১৬**

ট্যাপের ভিতরে রাবারের সিল কেটে গেলে বা ভালভ নষ্ট হয়ে গেলে নতুন ট্যাপ লাগাতে হবে।




**১৭**

প্রতি বছর বৃষ্টির কারণে মাটি ক্ষয়ে গিয়ে ট্যাংক ও প্লাটফর্ম এর চারপাশে যাতে পানি জমে না থাকে সেজন্য ট্যাংকের চারপাশে মাঝে মাঝে মাটি ফেলে উঁচু করে দিতে হবে।

## বিশেষ জ্ঞাতব্য/নির্দেশনা:

- বৃষ্টির পানি সংরক্ষণ পদ্ধতিটি যথাযথভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষণ করা ব্যবহারকারীর দায়িত্ব।
- নির্দেশনা অনুযায়ী সংগৃহীত ও সংরক্ষিত বৃষ্টির পানি পান করা ও রান্নার কাজে ব্যবহার সম্পূর্ণ নিরাপদ।
- নির্দেশনা অনুযায়ী সঠিকভাবে সংরক্ষিত বৃষ্টির পানি শুষ্ক মৌসুমে ব্যবহারের জন্য নিরাপদ থাকে।
- সংরক্ষিত বৃষ্টির পানি শুধুমাত্র খাওয়া ও রান্নার কাজে ব্যবহার করুন; গৃহস্থালীর অন্যান্য কাজে নিকটস্থ নলকূপ অথবা অন্য কোন উৎসের পানি ব্যবহার করুন।
- বৃষ্টির পানি সংরক্ষণের জন্য স্থাপিত ট্যাংকটি কোনভাবেই অন্য কাজে ব্যবহার করা যাবে না।
- প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে যোগাযোগ করুন।

**“নিরাপদ পানি পান করুন, সুস্থ থাকুন”**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)